যুগান্তর

তারিখ ... 08 JAN 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

# ইবিতে ভর্তির সাক্ষাৎকার কাল শুরু

**ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

ইসলামী বিশ্ববিদ্যালয়ে সম্মান প্রথমবর্ষে বিশেষ কোটায় ভর্তির সাক্ষাৎকার শনি ও রোববার অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি। প্রতিদিন সকাল ৯টা থেকে বিশেষ কোটার (প্রতিবন্ধী, আদিবাসী, হরিজন, মুক্তিযোদ্ধার সন্তান-ন্যাতি-নাতনি ) ভর্তি সাক্ষাৎকার নেয়া হবে। বিশেষ কোটার সমন্বয়ক বাংলা বিভাগের শিক্ষক অধ্যাপক ড. সাইদুর রহমানের নিজ কার্যালয় অনুষদ ভবনের দ্বিতীয় তলায় এ সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

ড. সাইদুর রহমান বলেন, ৯ জানুয়ারি শনিবার মুক্তিযোদ্ধা কোটার ভাইভা এবং ১০ জানুয়ারি রোববার অন্যান্য কোটার ভাইভা হবে। কাগজপত্র যাচাই-বাছাই শেষে ফল ঘোষণা করা হবে।